

# কালের বর্ধ

১১/০৮/২০১৫

## পোশাক শ্রমিকদের ঈদ বোনাসের কাঠামো চাইল বিকেএমইএ

নারায়ণগঞ্জ প্রতিনিধি ▷

তৈরি পোশাক শিল্প খাতে রমজান ও কোরবানির ঈদে শ্রমিকদের উৎসব ভাতা প্রদানের সঠিক কাঠামো নির্ণয়ের অনুরোধ জানিয়েছে বিকেএমইএ। গত বুধবার শ্রম প্রতিমন্ত্রী মুজিবুল হক চুন্সুকে পাঠানো এক চিঠিতে এই অনুরোধ করেন বিকেএমইএর সভাপতি এ কে এম সেলিম ওসমান। চিঠিতে আশা প্রকাশ করে বলা হয়, উৎসব ভাতা প্রদানের কাঠামো নির্ধারণ করা গেলে পোশাক শিল্প খাতে শ্রমিক অসন্তোষ ও সংঘর্ষ এড়ানো সম্ভব হবে।

চিঠিতে উল্লেখ করা হয়েছে, প্রতিবছরই ঈদের আগে এই শিল্পে ঈদ উৎসব ভাতা নিয়ে প্রায়ই শ্রম বিশৃঙ্খলার সৃষ্টি হয়। কিন্তু শ্রম আইনে বেতন কাঠামোতে পোশাক খাতের ঈদ বোনাসের বিধান নেই। তার পরেও উদ্যোক্তারাই মানবিক বিষয় বিবেচনায় নিয়ে শ্রমিকদের ঈদের আগে বেতনের পাশাপাশি অতিরিক্ত কিছু টাকা প্রদান করেন। অথচ এই অতিরিক্ত প্রদেয় টাকার পরিমাণ শ্রমিকের মনঃপূত না হলে, সেই কারখানাতে শ্রম বিশৃঙ্খল পরিষ্কৃতির সৃষ্টি করা হচ্ছে। বিকেএমইএ সভাপতি সেলিম ওসমান বলেন, আগামী সেপ্টেম্বরেই ঈদুল আজহা উদ্‌যাপন হবে। এর আগেই এ বিষয়ে একটি পরিপূর্ণ কাঠামো ঠিক করা গেলে পুরো শিল্প খাতই উপকৃত হবে।